ঝিনাইদহে নারী-শিশু ধর্ষণের প্রতিবাদ ও দোষীদের শাস্তির দাবীতে মানববন্ধন

মাগুরায় ৮ বছরের শিশু আছিয়াসহ সারাদেশে নারী-শিশু ধর্ষণের প্রতিবাদ ও দোষীদের শাস্তির দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে ওয়েলফেয়ার এফোর্টস নামের এক সংগঠন। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ, মানবাধিকার কর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে মানবাধিকার ডিফেন্ডার ফোরামের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, মানবাধিকার বাস্তবায়ন সংস্থা সদর উপজেলা শাখার সভাপতি আহম্মদ হোসেন, সাধারণ সম্পাদক বাবলু কুমার কুন্ডু, তরুন দলের সদস্য শারমিন আক্তার ইমু, গোল্ডেন ওয়েলফেয়ারের নির্বাহী পরিচালক চন্দন বসু মুক্তসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, দেশের বিভিন্ন স্থানে নারী ও শিশুরা প্রতিনিয়ত ধর্ষণ ও নির্যাতনের শিকার হচ্ছে। এসব বর্বর ঘটনার সুষ্ঠু বিচার না হওয়ায় অপরাধীরা আরও সাহস পাচ্ছে। তারা দ্রুত বিচার আইনের মাধ্যমে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

সেই সঙ্গে সামাজিক সচেতনতা বৃদ্ধি, নারীদের নিরাপত্তা নিশ্চিত করা ও আইনের যথাযথ প্রয়োগের ওপর জোর দেন বক্তারা।

ঝিনাইদহে বিএনপি নেতার পক্ষ

থেকে নারীদের সেলাই মেশিন বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহে ১৪৪ জন নারীর মাঝে সেলাই মেশিন বিতরণ করেছেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ।

সোমবার সকালে ঝিনাইদহ শহরের ফজর আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজ মাঠে এই উপহার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেনÑসাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, সহ-সভাপতি এনামুল কবির মুকুল, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, মহিলা দলের সভাপতি কামরুন্নাহার লিজি, যুগ্ম সম্পাদক এম শাহজাহান, যুবদলের সভাপতি আহসান হাবীব রনক, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু এবং সহ-দপ্তর সম্পাদক সাকিব আহমেদ বাপ্পি প্রমুখ।

বিতরণ অনুষ্ঠানের আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, সদর উপজেলার ১৩টি ইউনিয়ন ও সদর পৌরসভার ১৪৪ জন নারীর মাঝে এই সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। পুরো কার্যক্রমটি জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদের ব্যক্তিগত অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

অ্যাডভোকেট এমএ মজিদ বলেন, “নারীদের স্বাবলম্বী করে তোলাই আমাদের এই উদ্যোগের মূল উদ্দেশ্য। একটি সেলাই মেশিন একটি পরিবারের জীবনে পরিবর্তন আনতে পারে। আমি বিশ্বাস করি, এই উপহারের মাধ্যমে ১৪৪টি পরিবারে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে এবং পরিবারগুলোর স্বচ্ছলতা আসবে।”

তিনি আরও বলেন, “সমাজের প্রত্যেকের উচিত নিজ নিজ জায়গা থেকে মানবতার কল্যাণে এগিয়ে আসা। এই উদ্যোগ নারীদের আত্মকর্মসংস্থানের পথে একটি ছোট কিন্তু গুরুত্বপূর্ণ পদক্ষেপ।”

ঝিনাইদহে ৫ দফা দাবীতে মউশিক শিক্ষকদের মানববন্ধন

আউট সোর্সিং বাতিল, সকল জনবলকে রাজস্বভুক্ত, শিক্ষকদের সম্মানী বৃদ্ধিসহ ৫ দফা দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন করেছে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের (মউশিক) শিক্ষকরা।

রোববার (২৩ মার্চ) সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে শিক্ষকদের সংগঠন মউশিক শিক্ষক কল্যাণ পরিষদ। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দসহ সাধারণ শিক্ষকরা অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সংগঠনটির জেলা শাখার সভাপতি তাওহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ইমরান হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম দেশের প্রান্তিক জনগোষ্ঠীর শিক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, অথচ এই প্রকল্পের শিক্ষকদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত রাখা হয়েছে। ঈদের আগেই বকেয়া বেতন ভাতা প্রদাণসহ দাবী মেনে নেওয়ার আহ্বান জানানো হয় কর্মসূচী থেকে।

ঝিনাইদহে রুসাজের আয়োজনে ইফতার মাহফিল

ঝিনাইদস্থ রাজশাহী ইউনিভার্সিটি এক্স-স্টুডেন্ট এসোসিয়েশন (রুসাজ)’র আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় ঝিনাইদহের জেএফসি রেস্টুরেন্টে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। রুসাজের ইফতার কমিটির আহ্বায়ক এ.এস.এম সোহেল মাহমুদ সাজুর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রুসাজের আহ্বায়ক মোঃ আমজাদ হোসেন, সদস্য সচিব মোঃ

কামরুজ্জামান লিটন, কেসি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর বি.এম. রেজাউল করিম। অনুষ্ঠান পরিচালনা করেন ইফতার কমিটির সদস্য সচিব জাফর উদ্দীন রাজু।

এসময় রুসাজের ইফতার মাহফিলে অন্যান্য সদস্যের মধ্যে মোঃ সেলিম রেজা, মোঃ শাহানুর আলম, সুরভী আফরোজ, সাইফুন নাহার ইরা, মোঃ আসাদুজ্জামান, মোঃ সাইদুর রহমান, মোঃ নজরুল ইসলাম, সহকারী অধ্যাপক কে এম সালেহ, অধ্যক্ষ সাইদুল আলম, অধ্যক্ষ জে এম রবিউল ইসলাম, জাহিদ হোসেন বক্তব্য রাখেন। অনুষ্ঠানটিতে সার্বিক সহযোগিতা করেন জেএফসি রেস্টুরেন্টের স্বত্বাধিকারী ও রুসাজের নির্বাহী সদস্য রফিক আহমাদ ওয়াইজ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরান তেলওয়াত করা হয়। কোরান তেলওয়াত করেন মোঃ ফখরুল ইসলাম। ইফতারের আগে দেশ ও জাতির কল্যানে দোয়া পরিচালনা করেন রাবিয়ান আমিরুজ্জামান রবি। ইফতারের পর মাগরিবের নামাজ শেষে কফি আড্ড অনুষ্ঠিত হয়। কফি-চক্র অনুষ্ঠানে প্রানবন্ত আলোচনা হয়।

আলোচনা শেষে রুসাজ কে এগিয়ে নেওয়ার জন্য সাবেক রাবিয়ান দের সাথে যোগাযোগ, খেলাধুলা, ঈদপুণর্মিলনীসহ বিবিধ আলোচনা অনুষ্ঠিত হবে।

রুসাজের আহবায়ক আমজাদ হোসেন উপস্থিত সকলকে ধন্যবাদ ◌্জ্ঞাপন করে আগামীতে সকল প্রোগ্রামে আরও বেশী উপস্থিতি কামনা করেন।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বাড়ি-ঘরে হামলা ভাংচুর ও লুটপাট

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে প্রতিপক্ষের হামলায় বাড়িঘর ভাংচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার (২০ মার্চ) সকালে হরিণাকুণ্ডু উপজেলার হাকিমপুর গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানায়, গত ১১ ফেব্রুয়ারি গ্রামে

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দু’পক্ষের মারামারিতে মোশারফ নামে একজনের মৃত্যু হয়।

এরই জেরে গত কয়েকদিন ধরে ওই গ্রামের জব্বার মন্ডল, সাঈদ মন্ডল, রমজান, নাজমুল, ঠাণ্ডুসহ বেশ কয়েকজনের বাড়িঘরে ভাংচুর ও লুটপাট করছে প্রতিপক্ষরা বলে জানা যায়।

বৃহস্পতিবার সকালে আকুলের বাড়ি ভাংচুর ও ফসলি জমি লুটপাটের শিকার হয়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এম এ রউফ খান জানান, উপজেলার হাকিমপুর গ্রামে প্রতিপক্ষের বাড়িঘরে ভাংচুর ও লুটপাটের ঘটনা শোনার সাথে সাথে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রনে রয়েছে।

ঝিনাইদহে ইমামের বিরুদ্ধে শিশু ধর্ষণ চেষ্টার অভিযোগ

ঝিনাইদহে এবার আব্দুর রহিম নামে এক ইমামের বিরুদ্ধে আট বছরের শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে। ঘটনার পর ওই ইমামকে এলাকাবাসী আটক করে।

অভিযুক্ত আব্দুর রহিমের বাড়ি কুমিল্লায়। তিনি ইসলামী বিশ্ববিদ্যালয় আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষার্থী।

গতকাল বুধবার দুপুরে শহরের আরাপপুর সোনালীপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। ভুক্তভোগী শিশুটি শহরের একটি স্কুলের তৃতীয় শ্রেণীর শিক্ষার্থী।

ভিকটিম শিশুর পরিবার সূত্রে জানা গেছে, বুধবার দুপুরে শিশুটিকে মসজিদের একটি ঘরে ডেকে নেয় আব্দুর রহিম। পরে শিশুটিকে পাশবিক নির্যাতনের চেষ্টা চালায়। এ সময় শিশুটি চিৎকার করলে অভিযুক্ত

আব্দুর রহিম তাকে ছেড়ে দেয়। পরে শিশুটি বাড়িতে ফিরে তার মায়ের কাছে ঘটনাটি খুলে বলে।

ঘটনার পরে স্থানীয়রা অভিযুক্তকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। অভিযুক্ত আব্দুর রহিম ঘটনার সত্যতা স্বীকার করেছেন। অভিযুক্তের স্বীকারোক্তি ও ভিকটিম শিশু কর্তৃক বর্ণনার ভিডিও সংরক্ষিত আছে। এদিকে ঘটনাটি জানাজানি হলে অপরিচিত কয়েকজন এসে অভিযুক্ত আব্দুর রহিমকে তাদের হেফাজতে নেন। আব্দুর রহিমকে কারা নিয়ে গেছে তা নিশ্চিত হওয়া যায়নি।

জানা গেছে, অভিযুক্ত আব্দুর রহিম ইসলামী বিশ্ববিদ্যালয় পড়াশোনার পাশাপাশি আরাপপুরের সোনালীপাড়া জামে মসজিদে তারাবি নামাজের ইমাম হিসেবে দায়িত্ব পালন করতেন।

অভিযুক্ত আব্দুর রহিমের সঙ্গে যোগাযোগের চেষ্টা করলেও তাকে পাওয়া যায়নি। তবে বুধবার দুপুরে ধারণকৃত একটি ভিডিওতে অভিযুক্তকে ঘটনার দায় স্বীকার করতে দেখা গেছে। ওই ভিডিওতে অভিযুক্ত আব্দুর রহিম বলেন, আমি শিশুটির সঙ্গে অন্যায় করেছি। কিন্তু ধর্ষণের ঘটনা ঘটেনি। ধর্ষণের অভিযোগ সত্য নয়।

আরাপপুর সোনালীপাড়া জামে মসজিদের সভাপতি মিজানুর রহমান বলেন, ওই শিশুর বাবা মায়ের সঙ্গে আমরা কথা বলেছি। তারা জানিয়েছেন এই ঘটনা সম্পর্কে আমার জানা নাই।

অভিযুক্তের ভিডিও স্বীকারোক্তির বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, অভিযুক্ত ব্যক্তি ভিডিওতে কি বলেছেন তা আমি জানিনা। আপনাদের কাছে স্বীকারোক্তির ভিডিও থাকলে যা ইচ্ছা লিখতে পারেন।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, এ ধরনের ঘটনা জানতে পারিনি। কোন অভিযোগও পায়নি। অভিযোগ পেলে কঠোর আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

ঝিনাইদহে বিল থেকে বৃদ্ধের মরদেহ উদ্ধার

ঝিনাইদহ সদরের সোনাদহ বিল থেকে আব্দুল লতিফ (৭৫) নামের এক বৃদ্ধের মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (১৯ মার্চ) সকালে মৃতদেহটি উদ্ধার করা হয়। সে গোয়ালপাড়া গ্রামের মৃত আইনুদ্দিন মন্ডলের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, ভোর রাতের দিকে ঘর থেকে বেরিয়ে বাড়ির পাশের সোনাদহ বিলে মাছ ধরতে যায় আব্দুল লতিফ। এর পর সে আর বাড়ি ফিরে আসেনি।

পরে সকালে কৃষকরা বিলে তার মৃতদেহ দেখতে পেয়ে পুলিশ ও পরিবারকে খবর দেয়। সেসময় পুলিশ তার পরিবারের সহযোগিতায় মৃতদেহ উদ্ধার করে।

ওসি আরো জানান, মৃতের শরীরে কোন আঘাতের চিহ্ন পাওয়া যায় নি। ধারনা করা হচ্ছে হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হতে পারে।

ঝিনাইদহে সাবেক চেয়ারম্যান আবু বকরের মৃত্যুতে, বিভিন্ন মহলের শোক

ঝিনাইদহ সদর উপজেলার ৭নং মহারাজপুর ইউনিয়ন পরিষদের পরপর দুই বারের নির্বাচিত সাবেক চেয়ারম্যান আবু বকর মল্লিক (৬২) নিজ বাসভবন কুতুবপুর গ্রামে মঙ্গলবার ভোর রাতে ষ্টোক জনিত কারণে মৃত্যু বরণ করেণ (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

মৃত্যু কালে তিনি স্ত্রী, পুত্রসহ অসংখ্যগুনোগ্রাহী রেখে গেছেন।

মঙ্গলবার বিকাল তিন ঘটিকার সময় সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নের কুতুবপুর গ্রামে নিজ বাসভবন প্রাঙ্গণে তার নামাজের জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন হবে বলে পারিবারিক সূত্রে জানাগেছে। এদিকে তার মৃত্যুতে মহারাজপুর ইউনিয়ন সহ জেলার বিভিন্ন শ্রেণী পেশার মানুষ গভীর ভাবে শোকাহত।

মহারাজপুর ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান খুরশিদ আলম মিয়া সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোকপ্রকাশ করেন।

উল্লেখ, তিনি প্রথমে মহারাজপুর ইউনিয়নের সদস্য নির্বাচিত হন, পরে ১৯৯২ সালে প্রথমবারেরমত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাতি হন, এবং পরে আরও একবার চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন।

ঝিনাইদহে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে ভাঙচুর ও লুটপাটের অভিযোগ

ঝিনাইদহের মহেশপুরে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে এক ব্যবসায়ীর ব্যবসা প্রতিষ্ঠান ভাঙচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে।

এ ঘটনায় ভুক্তভোগী ওই ব্যবসায়ী গত বৃহস্পতিবার জেলা প্রশাসকের নিকট একটি অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সূত্রে জানা যায়, ২০১৩ সালে মহেশপুরের জলিলপুর সড়কে আব্দুল হামিদ সাড়ে তিন শতক ডিসিআরভুক্ত জমি সংশ্লিষ্ট কর্র্তৃপক্ষের কাছ থেকে লিজ নিয়ে একটি সেমি পাকা ভবন নির্মাণ করে। পরে ওই ভবনে ডেকোরেটরের ব্যবসা শুরু করেন তিনি। দীর্ঘদিন ধরে সেখানে নির্বিঘ্নে ব্যবসা করে আসছেন তিনি।

গত ২৬ ফেব্রুয়ারি মহেশপুর বণিক সমিতি থেকে একটি সালিশির চিঠি পান তিনি। পরে বণিকি সমিতিতে গিয়ে জানতে পারেন ওই জমির দাবি করছেন স্থানীয় শেখ মো. আনোয়ার সাদত রিপন নামের এক ব্যক্তি। সমিতিতে

সালিশের সময় হামিদকে দ্রুত ওই জমিসহ ব্যবসা প্রতিষ্ঠান তাকে দিয়ে দেওয়ার জন্য হুমকি-ধমকি দেওয়া হয়।

এরপর উপায় না পেয়ে গত ৩ মার্চ ঝিনাইদহের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে একটি পিটিশন দায়ের করেন তিনি। তখন আদালত ওই জমির ওপর ১৪৪ ধারা জারি করে।

আব্দুল হামিদ বলেন, ‘আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে আমার ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালিয়েছে রিপন ও তার ক্যাডার বাহিনী। পুরো ভবন ভাঙচুর করেছে। প্রতিষ্ঠানে থাকা ২৫ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে গেছে তারা।’

অভিযোগ অস্বীকার করে মো. আনোয়ার সাদত রিপন বলেন, ‘ওই জায়গায় আমাদের মার্কেট রয়েছে। হামিদ যে জায়গায় ব্যবসা করে ওই জায়গাটাও আমাদের। তিনি মূলত সাবেক এমপি চঞ্চলের লোক। সম্ভবত ৫ আগস্টের পর থেকেই বিভিন্ন সময় ওই প্রতিষ্ঠান ভাঙচুর করেছে বহিরাগতরা। এখন তিনি আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে।’

এ ব্যাপারে মহেশপুর থানার ওসি ফয়েজ উদ্দিন মৃধা বলেন, ‘শুনেছি ওই জমি নিয়ে দুই পক্ষের বিরোধ আছে। এখন বিষয়টি নিষ্পত্তির জন্য আদালতে চলে গেছে। বিজ্ঞ আদালত যে নির্দেশনা দিবে আমারা সেটাই পালন করবো।

ঝিনাইদহে নারী ও শিশুর প্রতি সহিংসতা, ধর্ষণের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহে নারী ও শিশুর প্রতি সহিংসতা ও ধর্ষনের মত অপরাধের প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার (১৬ মার্চ) সকালে শহরের পায়রা চত্তেও এ কর্মসূচির আয়োজন করে সচেতন নাগরিক কমিটি (সনাক) জেলা শাখা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দসহ নানা শ্রেণিপেশার মানুষ অংশ নেয়।

মানববন্ধনে টিআইবি’র এরিয়া কো- অর্ডিনেটর হুমায়ুন কবির, সনাক সহ-সভাপতি আহমেদ হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। মানববন্ধনে বক্তারা বলেন, মানবিকতা ও মূল্যবোধের অবক্ষয় ধর্ষণের অন্যতম কারণ।

এ ক্ষেত্রে আইনের সঠিক প্রয়োগের পাশাপাশি মানুষের সচেতনতা খুবই জরুরি।